

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-১
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০০৫.১৭-৬৬০

তারিখ : ২৫/০৬/২০১৮ খ্রিঃ।

বিষয় : সৌদি আরবের Spectra Support Services -এর অধীনে Labor পদে ১৯+১৪=৩৩ (তেত্রিশ) জন অদক্ষ পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি আল-জাহান ইন্টারন্যাশনাল (আরএল-১৩৩১)-এর আবেদনের প্রেক্ষিতে সৌদি আরবের Spectra Support Services-এর অধীনে Labor পদে ১৯+১৪=৩৩ (তেত্রিশ) জন অদক্ষ পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
Spectra Support Services	Labor	১৯+১৪=৩৩ (তেত্রিশ) জন	৮০০ (সৌদি রিয়াল)	বাসস্থান, যাতায়াত, খাবার বাবদ ২০০ সৌদি রিয়াল প্রদান করা হবে, চিকিৎসা, ইকামা, ফ্রি; চুক্তির মেয়াদ-০২ বছর কর্মঘন্টা-দৈনিক ০৮ ঘন্টা বিমান ভাড়া-উভয় পথ ফ্রি; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

সর্বমোট-১৯+১৪=৩৩ (তেত্রিশ) জন

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি এ মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ সর্বোচ্চ ১,৬৫,০০০/- (এক লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/=(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সৌদি আরবের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- সৌদি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz IT) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।
- দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি পরীক্ষান্তে নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি বিএমইটি সতর্কভাবে পরীক্ষা করবে।


(ডক্টর কাজী কামরুন নাহার)
উপসচিব
ফোন : ০২৪-৮৩২২৫১৯


মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০।

নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০০৫.১৭.

তারিখ : ২৫/০৬/২০১৮ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. স্বত্বাধিকারী, আল-জাহান ইন্টারন্যাশনাল, ১২ প্রগতি স্মরণী, ব্লক-জে, বারিধারা, ঢাকা-১২১২।
৬. অফিস কপি



(ডক্টর কাজী কামরুন্ নাহার)

উপসচিব

ফোন : ০২৪-৮৩২২৫১৯